

**AKASHVANI(Kolkata)**  
**Regional News Unit**

**Date: 27-11-2025**

**Time : 1-40P.M.**

\*\*\*\*\*

সুপ্রিম কোর্টের নির্দেশের পর স্কুল সার্ভিস কমিশনে নতুন পরীক্ষা নিয়ে কলকাতা হাইকোর্ট কড়া অবস্থান গ্রহণ করেছে। ২০২৫ সালের নতুন পরীক্ষায় টেনেট বা চিহ্নিত অযোগ্য প্রার্থী যাতে কোনোভাবেই সুযোগ পেতে না পারে, তা' নিশ্চিত করতে বিচারপতি অমৃতা সিন্হা বেশ কিছু তথ্য চেয়ে পাঠিয়েছেন। ২০১৬ সালে নিয়োগের সময় প্যানেলের সময়সীমা পেরিয়ে যাওয়ার পর এবং OMR শিট বিকৃত করে নিয়োগ হওয়া চাকরী প্রার্থীদের বিবরণ সহ একাধিক তথ্যের বিস্তারিত তালিকা অবিলম্বে স্কুল সার্ভিস কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করার নির্দেশ দিয়েছেন।

উল্লেখ্য, মামলাকারীদের অভিযোগ, SSC টেনেট প্রার্থীদের নতুন পরীক্ষায় বসার অনুমতি দিয়েছে। এর প্রেক্ষিতেই বিচারপতি সিন্হা জানিয়েছেন, এই তালিকা অবিলম্বে প্রকাশ করতে হবে, যাতে নিয়োগ প্রক্রিয়া চলাকালীন'ই তাদের বাদ দেওয়া যায়।

\*\*\*\*\*

শীর্ষ আদালতের নির্দেশ মেনে ৩১শে ডিসেম্বরের মধ্যে স্কুল সার্ভিস কমিশন নিয়োগ প্রক্রিয়া শেষ করার লক্ষ্যে কাজ করছে বলে, শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন।

আজ এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, যোগ্য চাকরিহারা প্রত্যেকেই সমান সুযোগ পাবেন। টেনেট প্রার্থীদের তালিকাও SSC আজ'ই প্রকাশ করবে বলে শিক্ষা মন্ত্রী জানান। তবে, মামলা হলে আইন আইনের পথে চলবে বলে মন্তব্য করেন তিনি।

( বাইট- ব্রাত্য )

\*\*\*\*\*

বিধানসভা নির্বাচনের আগে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরকে আরও বেশি আর্থিক ক্ষমতা দেওয়া হয়েছে। অর্থ দফতরের জারি করা নতুন নির্দেশিকা অনুযায়ী, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক এখন থেকে প্রশাসনিক ব্যয় এবং অভ্যন্তরীণ প্রকল্প সংক্রান্ত খরচ মঞ্জুর করার ক্ষেত্রে অতিরিক্ত মুখ্য্যি়বসচিব ও দফতরের প্রধান সচিবের সমান ক্ষমতা পাবেন। এর ফলে নির্বাচনী দফতরের কাজকর্মে গতি বাড়বে এবং খরচ মঞ্জুরির জন্য অন্যান্য দপ্তরের মুখাপেক্ষী হয়ে থাকতে হবে না। নির্দেশিকায় আরো জানানো হয়েছে, সিইও-র অফিসে আর্থিক ক্ষমতার পুনর্বিন্যাস নিয়ে দীর্ঘদিন ধরে যে

আলোচনা চলছিল, তা এখন কার্যকর করা হল। ১৩ নভেম্বরের বিজ্ঞপ্তিতে রাজ্যপাল ইতিমধ্যেই এই সিদ্ধান্তে সম্মতি দিয়েছেন।

\*\*\*\*\*  
রাজ্যে বিধানসভা নির্বাচনের আগে বৈদ্যুতিন ভোটযন্ত্র ইভিএম ও ভিভিপ্যাটের ফাস্ট লেভেল চেকিং-এফ এল সি প্রক্রিয়া আজ শুরু হচ্ছে। চলবে আগামী ১৫ জানুয়ারি পর্যন্ত। রাজ্যের ১০টি জেলায় মোট ৫২টি স্থানে এই চেকিং প্রক্রিয়া হবে।

এর আগে গত ২১ তারিখ নিউটাউনে এফএলসি নিয়ে বিশেষ কর্মশালার আয়োজন করা হয়। সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী এবং রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল সেখানে উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

নির্দিষ্ট সময়সীমার আগেই এসআইআর-এর কাজ শেষ করায় উত্তর ২৪ পরগণার গাইঘাটা বিধানসভার তিন বিএলওকে গতকাল সম্মানিত করেন বিডিও। সোহানি রায়, বিশ্বজিত ঘোষ এবং মানস সরকার জানিয়েছেন, এলাকার মানুষের সহযোগিতা, তাদের কাজ আরও কাজ সহজ করে দিয়েছে।

এদিকে, মাত্র ২০ দিনের মাথায় ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনের কাজ সম্পূর্ণ করে নজির গড়েছেন পশ্চিম বর্ধমানের পাণ্ডবেশ্বর ব্লকের তিন বিএলও।

হুগলীর চুঁচুড়া বিধানসভা ক্ষেত্রের ৩৫০ নম্বর ওয়ার্ডের বিএলও সুভাষ বসুও এআইআর-এর কাজে অসাধারণ নৈপুণ্যের জন্য সম্মানিত হয়েছে।

উত্তর দিনাজপুরের হেমতাবাদে সময়ের অনেক আগে এনুমারেশন ফর্ম ডিজিটাইজেশনের কাজ শেষ করায় গতকাল ৬ বিএলও-র হাতে শংসাপত্র ও গাছের চারা তুলে দেন বিডিও।

\*\*\*\*\*

জল জীবন মিশন প্রকল্পে অর্থ মঞ্জুরীর ক্ষেত্রে নতুন শর্ত বেঁধে দিল কেন্দ্র। রাজ্যের জনস্বাস্থ্য ও কারিগরি দফতর সূত্রে জানা গিয়েছে, কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রক প্রকল্পভিত্তিক অর্থ দেওয়ার বিষয়ে রাজ্যকে সম্মতি জানালেও, তার আগে একাধিক শর্ত মানা বাধ্যতামূলক করা হয়েছে।

মন্ত্রকের নির্দেশ অনুযায়ী, জল জীবন মিশনের আওতায় প্রতিটি প্রকল্পের জন্য আলাদা আইডি নম্বর তৈরি করতে হবে। ওই স্কিম আইডি ছাড়া কোনওভাবেই কেন্দ্রীয় বরাদ্দ মিলবে না। পাশাপাশি প্রতিটি প্রকল্পে ‘ফিন্যান্সিয়াল রিকনসিলিয়েশন’— অর্থাৎ কেন্দ্রের অনুদান ও রাজ্যের ব্যয়ের হিসেব মিলিয়ে

দেখা— বাধ্যতামূলক করা হয়েছে। কেন্দ্রীয় সরকারের দাবি, ব্যয়ের অঙ্কে কোনও অসামঞ্জস্য থাকলে অর্থ মঞ্জুরি স্থগিত থাকবে। হিসেব সঠিক থাকলে তবেই মিলবে নতুন বরাদ্দ।

\*\*\*\*\*  
কসবার প্রান্তিক পল্লীতে গতরাতের গুলি চালনার ঘটনায় পুলিশ আজ একজনকে গ্রেপ্তার করেছে। তাকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। ওই ঘটনায় অভিজিৎ নাইয়া নামে এক যুবক আহত হন। মদের আসরে বচসার জেরে এই ঘটনা বলে জানা গেছে। উদ্ধার হয়েছে একটি পিস্তলও।

এদিকে, বর্তমান শাসক দলের ব্যর্থতার কারণেই রাজ্যে বিশেষ করে কলকাতায় দুষ্কৃতিদের তান্ডব বেড়েছে বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন।

( বাইট- সুকান্ত )

\*\*\*\*\*  
পশ্চিম মেদিনীপুরের নারায়ণগড়ের টাকলা কালী মন্দিরে গতকাল রাতে প্রতিমার গহনা চুরির খবরের চাঞ্চল্য ছড়িয়েছে।

জানা গেছে, দুষ্কৃতিরা শতবর্ষ প্রাচীন এই কালী মন্দিরে প্রতিমার মুকুট ও গহনা সহ প্রায় চার লক্ষাধিক টাকার সামগ্রী নিয়ে পালায়। আজ সকালে, মন্দিরের তালা ভাঙ্গা দেখে স্থানীয় বাসিন্দারা বিষয়টি জানতে পারেন। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

\*\*\*\*\*  
পূর্ব মেদিনীপুরের খেজুরীতে আগামী ৩০শে নভেম্বর জনসভার অনুমতি চেয়ে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের করেছে বিজেপি। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর ওই সভায় উপস্থিত থাকার কথা।  
আগামীকাল বিচারপতি শুভ্রা ঘোষের বেঞ্চে মামলাটির শুনানি হতে পারে।

\*\*\*\*\*  
রাজ্যে সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের নিচে থাকলেও আগামীকাল থেকে আবার পারদের উর্ধ্বমুখী হওয়ার সম্ভাবনা।

কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৬ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা এক দশমিক এক ডিগ্রি কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিকের থেকে ২ দশমিক ৫ ডিগ্রি নীচে।

আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন, আগামী এক সপ্তাহ রাজ্যে আবহাওয়া প্রধানত শুষ্কই থাকবে।

এদিকে, দক্ষিণবঙ্গের পুরুলিয়ায় আজ সর্বনিম্ন তাপমাত্রা ছিল সবথেকে কম-১২ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা আড়াই ডিগ্রি নীচে।

উত্তরবঙ্গে সবথেকে কম তাপমাত্রা রেকর্ড করা হয়েছে আলিপুরদুয়ারে- ১৩ ডিগ্রি সেলসিয়াস। দার্জিলিং পাহাড়ি এলাকায় তাপমাত্রা ছিল ৬ ডিগ্রির সামান্য বেশী।

\*\*\*\*\*